২০১৯

# বাংলা — সাম্মানিক

## প্রথম সেমেস্টার

পেপার : CC-1

পূর্ণমান : ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) বাংলা সাহিত্যের ইতিহাস চর্চায় যুগবিভাগ সংক্রান্ত বিতর্কগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) বাংলা সাহিত্যের ক্ষেত্রে তুর্কি আক্রমণের ফলাফল আলোচনা করো। ১০

২। (ক) কবি কৃত্তিবাস ওঝার 'শ্রীরাম পাঁচালী' গ্রন্থটির ঐতিহাসিক গুরুত্ব বিচার করো। ১০

*অথবা,*

(খ) চৈতন্য-পূর্ববর্তী কবি হিসেবে কবি চণ্ডীদাসের কৃতিত্ব বিচার করো। ১০

৩। (ক) 'চণ্ডীমঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি হিসাবে মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব বিচার করো। ১০

*অথবা,*

(খ) আরাকান রাজসভার কবি সৈয়দ আলাওল-এর কাব্যকৃতির মূল্যায়ন করো। ১০

৪। (ক) চর্যাপদের সাহিত্যমূল্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য লৌকিক প্রেমের কাহিনি।— সংক্ষেপে তোমার মতামত দাও। ৫

৫। (ক) 'পরাগলী মহাভারত' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের ঐতিহাসিক গুরুত্ব সংক্ষেপে লেখো। ৫

৬। (ক) 'অন্নদামঙ্গল' কাব্যে যুগগত প্রতিফলন বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) শাক্তপদের কাব্যসৌন্দর্য সৃজনে কবি কমলাকান্ত ভট্টাচার্যের দক্ষতা সংক্ষেপে বিচার করো। ৫

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও।

(ক) স্বনিমের সংজ্ঞা দাও। মধুসূদন, রবীন্দ্রনাথ এবং বিবেকানন্দ—এই তিনটি শব্দের স্বনিম নির্ণয় করো। ২+৩

(খ) নিম্নলিখিত শব্দ-দুটির বিবর্তন কীভাবে হয়েছে দেখাও— আঠারো, দেশলাই। ২১/২+২১/২

(গ) উপযুক্ত উদাহরণসহ পদান্বয়ী ও ধ্বন্যাত্মক অব্যয়ের সংজ্ঞা নিরূপণ করো। ২১/২+২১/২

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) বাংলা উচ্চারণে রাম্ শব্দে কটি অক্ষর আছে?

(খ) বাংলা ভাষায় দ্বি-স্বর ধ্বনি কোন দুটি?

(গ) তাড়িত ব্যঞ্জনের উদাহরণ দাও।

(ঘ) একটি করে তদ্ভব ও অর্ধ-তৎসম শব্দের উদাহরণ দাও।

(ঙ) 'কুপন' (ইংরেজি coupon) শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

(চ) 'গামছা' শব্দটিতে কী জাতীয় ধ্বনি পরিবর্তন ঘটেছে?

(ছ) 'করিয়া' শব্দের 'অপিনিহিতি' ও 'অভিশ্রুতি'-র রূপ দেখাও।

(জ) জলপানি শব্দের মূল অর্থ এবং এখনকার অর্থ লেখো।

(ঝ) বাংলা উপভাষাগুলির নাম লেখো।

(ঞ) সমাস নির্ণয় করো— সিংহাসন।

(ট) মধুসূদন মেঘনাদবধ কাব্য **রচনা করিয়াছেন**।— কাল নির্ণয় করো।

(ঠ) **মোর** ভাবনারে কী হাওয়ায় মাতালো।— মোটা অক্ষরের পদটির পুরুষ নির্ণয় করো।

(ড) '**তিনটে** শালিক ঝগড়া করে রান্নাঘরের চালে।'— 'তিনটে' শব্দটির বচন নির্ণয় করো।

(ঢ) এত মোটা **কলমে** লেখা যায় না।— মোটা অক্ষরের পদটির কারক নির্ণয় করো।

(ণ) **আপনাকে** অশেষ ধন্যবাদ।— 'আপনাকে' পদটিতে কী বিভক্তি ব্যবহার করা হয়েছে?